East Santoshpur Co-operative Housing Society Ltd.
Secretary

East Santoshpur Co-operative Housing Society Ltd.
Chairman

East Santoshpur Co-operative Housing Society Ltd.
Director

মং ১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যের

নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ।।

************************************

**কোবালা গ্রহিতা :-** শ্রী নির্মল হাজরা, পিতা মৃত মন্মথ হাজরা, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং সন্তোষপুর এভিনিউ, ৬ নং রোড, আদি পল্লী, থানা বসরা, কলিকাতা-৭৫ ।

***************************************************

**কোবালা দাতা :-** ইষ্ট সন্তোষপুর হাউসিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড । -: পক্ষে :-

ম্যানেজিং কমিটির ডিরেক্টর :-

শ্রী অজিত ভূষন দত্তরায়, পিতা মৃত উপেন্দ্রকিশোর দত্তরায়, জাতি হিন্দু, পেশা চাকরী ।

চেয়ারম্যান :-

শ্রী অসীম কুমার বোস, পিতা মৃত কিশোরী মোহন বোস, জাতি হিন্দু, পেশা চাকরী ।

সেক্রেটারী :-

শ্রীমতী বিনীতা ধর, স্বামী শ্রী অনিল ধর, জাতি হিন্দু, পেশা চাকরী । সোসাইটি রেজিষ্ট্রেশান এ্যাক্ট অনুসারে রেজিষ্ট্রীকৃত, যাহার রেজিষ্ট্রেশান নং ১১৫।কলিকাতা।৬২, তারিখ :- ২১।৬।৬২

ঠিকানা :- ৮বি, মধিম হালদার ষ্ট্রীট, থানা ভবানীপুর, কলিকাতা-৭০০০২৬।

********************************************************

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সূত্রের ১২ কাঠার কাত শালী জমি সহ দক্ষিণ-পশ্চিমাংশের ৩০' ফুট প্রশস্ত রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

Presented for Registration at ... P.M. on the 1st Day of July 1989 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Ajit Bhusan Datta Ray Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ... Executant / Claimant under Power of attorney No. ... of 19 ... authenticated by ... Registrar of ...

Ajit Bhusan Datta

Ajit Bhusan Datta
Director
East Santoshpur Co-operative Housing Society Ltd.

1. Ajit Bhusan Datta Ray
S/o Upendra Kishore Datta
Hindu Service ...

2. Ashim Kumar Bose
S/o Kishori mohan ...
Hindu Service ...

3. Binita Dhar ...
As secretary for East Santoshpur Cooperative Housing Society
all of 9B, Mahim Halder Street ...

... Service

Ashim Kumar Bose
Chairman
East Santoshpur Co-operative Housing Society Ltd.

Binita Dhar
Secretary
East Santoshpur Co-operative Housing Society Ltd.

Dipak Mazumdar
Advocate

Dipak Mazumdar
Advocate

1.7.89

Bimal Kar
Ashim Kumar Bose
Secretary
East Santoshpur Co-operative Housing Society Ltd.
Sujit Kumar Saha
Director
East Santoshpur Co-operative Housing Society Ltd.



জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা কসবা, সাবরেজিস্ট্রী অফিস শিয়ালদহ, বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০১ নং ওয়ার্ড ভুক্ত অত্র জেলা কালেকটারীর ১৫১, ১৬১, ২০৬, ২১০ নং তৌজির অধীন হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৫৪, ১৬২, ১৭০ নং খতিয়ানের অন্তর্গত ১৬৩ নং দাগের ১২ বার কাঠা শালী জমি মায় দক্ষিণ-পশ্চিমাংশের ৩০' ফুট রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

প্রকাশ থাকে যে, উক্ত সম্পত্তি সহ ৬১ বিঘা শালি জমি বিভিন্ন মালিকগণের নিকট হইতে আমরা অত্র কোবালা দাতাগণ সহ আরও প্রায় ১৪০ জন ক্রেতা পৃথক পৃথক কোবালা দলিল মূলে আলিপুরডিস্ট্রীকট রেজিস্ট্রী অফিস, আলিপুর সাবরেজিস্ট্রী অফিস, বেহালা সাবরেজিস্ট্রী অফিস হইতে খরিদ করিয়া মালিক নিযুক্ত হই ।

অতঃপর পরবর্তী কালে দেখা যায় যে, উক্ত সম্পত্তিতে প্রায় ৫০ জন ব্যক্তি চাষী হিসাবে দখলীকার থাকেন এবং তাহারা বরাখোলা কৃষক সম্মিলনী নামকরন করিয়া একটি কৃষক সমিতি গঠন করেন ।

তৎপর আমরা যাহারা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত সম্পত্তি খরিদ করিয়া মালিক নিযুক্ত হই, সকলে একত্রিত হইয়া ''ইস্ট সন্তোষপুর হাউসিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড'' নামকরন করিয়া একটি সমবায় সমিতি গঠন করি এবং ওয়েস্টবেঙ্গল সমবায় সমিতি এ্যাক্ট অনুসারে উল্লিখিত ভাবে রেজিস্ট্রী করিয়া সমিতি নিবন্ধন ভুক্ত আইনানুসারে উহা পরিচালনা করিতে থাকি । তার পর উক্ত কৃষক সমিতির সাথে এবং আমাদের উক্ত কো-অপারেটিভ সোসাইটি সাথে নানা রকম সমস্যা চলিতে থাকে । কিন্তু কোন প্রকারে উক্ত সমস্যার মিমাংসা না হওয়ায় আমরা অত্র কো-অপারেটিভ সোসাইটি বাদী হইয়া এবং উক্ত বরাখোলা কৃষক সমিতিকে প্রতিবাদী করিয়া বিগত ইংরাজী ১৯৭৭ সালে আলিপুর প্রথম মুনসেফী আদালতে একটি স্বত্ব প্রচারের মোকদ্দমা আনায়ন করি, যাহার কেস নং ২১৪।৭৭

Bimal Kumar

Ashim Kumar Das
Chairman

Jyoti Prakash Basu
Director
East Santoshpur Co-operative Housing Society Ltd



এবং বেশ কিছুদিন যাবৎ উক্ত মোকদ্দমা পরিচালনা করিয়া আমরা উভয় পক্ষ নানা রকম ক্ষতিগ্রস্ত হইয়া একটি আপোষ মিমাংসায় আসি এবং উক্ত সম্পত্তি আমাদের সকলের মধ্যে কমবেশী ভাবে ভাগ বাটোয়ারা করিয়া লইতে সিদ্ধান্ত করিয়া উভয় পক্ষের সম্মতিক্রমে উক্ত মোকদ্দমা সোলে সূত্রে ডিসমিস করি এবং উক্ত বরাখোলা কৃষক সম্মিলনীর প্রত্যেক সদস্যকে আমাদের উক্ত কো-অপারেটিভ সোসাইটির সদস্য ভুক্ত করিয়া লই এবং আপনিও উক্ত বরাখোলা কৃষক সমিতির একজন সদস্য হিসাবে বর্তমানে আমাদের কো-অপারেটিভ সোসাইটির একজন সদস্য ভুক্ত হইলেন।

তৎপর আমরা যাহারা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত সম্পত্তি খরিদ করি তাহারা তাহাদের সমস্ত খরিদা সম্পত্তি আমরাঅত্র কোবালা দাতাগণ উক্ত কো-অপারেটিভ সোসাইটির ম্যানেজিং কমিটির ডিরেক্টর বিধায় আলিপুর ডিষ্ট্রীক্ট রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত পৃথক পৃথক কোবালা দলিল মূলে উক্ত সমগ্র সম্পত্তি ভাগ বাটোয়ারা করিবার সুবিধার্থে যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন এবং সমস্ত দলিলে এই সর্ত থাকে যে, ইহার দরুন আমরা যেদিকে যতটুকু জমি দিব তিনি তাহা গ্রহণ করিতে বাধ্য থাকিবেন এবং তাহারাও তাহা মানিয়া নেন। এইরূপে আমরা বর্তমানে উক্ত সম্পত্তির সমস্ত রকম দায়িত্ব ভার গ্রহণ করিয়া ক্ষমতাবান হইতেছি ও আছি এবং উক্ত সম্পত্তি একত্র করিয়া বিভিন্ন প্লটে প্রত্যেকের নির্দ্দিষ্ট ক্রমে বিভক্ত করিয়াছি।

এক্ষণে আপনাকে সমস্ত সদস্যগণের সহিত সমস্ত রকম প্রতিশ্রুতি অনুসারে আপনি আমাদের উক্ত কো-অপারেটিভ সোসাইটির একজন সদস্য বিধায় অদ্য কার তারিখে উপরোক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার অনুকূলে যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্দারা প্রকাশ ও প্রচার করিতেছি যে,-

উপরোক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তিরউপর এযাবৎকাল আমাদের যে সকল স্বত্ব স্বামিত্ব ছিল বা আছে তাহা অদ্যকার তারিখ হইতেঅত্র কোবালা দলিল মূলে একক্বালীন চিরতরের জন্য ধ্বংস বা লুপ্ত হইয়া সম্পূর্ণরূপে

আপনার প্রতি অর্পিল বা বর্ত্তিল। আপনি অদ্য কার তারিখ হইতে উক্ত সম্পত্তির মালিক দখলীকার নিযুক্ত হইয়া দান, বিক্রয়,বন্ধক ইত্যাদির দ্বারা আপনি মায় আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিন কালে আমরা মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কিম্বা সমিতির কোন সদস্যগণ বা তাহাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা অগ্রাহ্য বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

অত্র দলিলের বর্ণিত সম্পত্তি আমরাইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করিয়া রাখি নাই। সম্পূর্ণ ভাবে আমাদের কো-অপারেটিভ সোসাইটির আওতাভুক্ত থাকা অবস্থায় আপনি উক্ত কো-অপারেটিভ সোসাইটির একজন সদস্য বিধায় উক্ত সম্পত্তি অদ্য কার তারিখে উক্ত মূল্যে আপনার নিকট বিক্রয় করিয়া দিয়া অদ্য কার তারিখ হইতে আপনাকে উক্ত সম্পত্তিতে খোলসা ভাবে খাস দখল বুঝাইয়া দিলাম।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুলভ্রান্তি থাকা প্রকাশ পাইলে অত্র দলিলের পরিপ্রেক্ষিতে কোন প্রকার সংশোধনীমূলক দলিল বা সাপ্লিমেন্টারী দলিল করার আবশ্যক হইলে তাহা আপনার তলবমত আপনার খরচায় যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে আমরা মায় আমাদের ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং ভালরূপ বুঝিয়া মায় আমাদের উভয় পক্ষের মীমাংসাক্রমে এবং ভবিষ্যতের গোলযোগ নিবারনার্থে অত্র কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রীকরিয়া দিলাম। ইতি তাং ইং ৭/৭/৮৭

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় :-

*******************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা কসবা, সাবরেজিস্ট্রী অফিস শিয়ালদহ, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৯ নং ওয়ার্ড ভুক্ত অত্র জেলা কালেকটারীর ১৫৯, ১৬৯, ২০৬, ২১০ নং তৌজি ভুক্ত রে,সা, নং৪০, জে,এল, নং ২১, মৌজা বড়াখোলা গ্রামের হাল রিভিসন্যাল সেটেলমেন্টের ১৫৪, ১৬২, ১৭০ নং খতিয়ানের অধীন ১৬৩ নং দাগের ।৪.৬। নং প্লট মধ্যে ১২ বার কাঠা শালী জমি মায় দক্ষিণ-পশ্চিম দিকের ৩০ ফুট রাস্তার সর্ব্ব প্রকার ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । যাহা অত্র সহ গ্রথিত নক্সায় লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাকৃত ও সুচিহ্নিত করিয়া দেখান হইল । উহার হারাহারি বার্ষিক খাজনা ৭৫ পয়সা ।

উহার চৌহদ্দি :-

*************************

উত্তরে :- ৪১-এ, প্লটের জমি ।

দক্ষিণে :- ৩০' ফুট প্রশস্ত রোড ।

পূর্ব্বে :- ১২০ নং দাগের জমি ।

পশ্চিমে :- ৩০' ফুট প্রশস্ত রোড ।

মুশাবিদা কারক :-

Dipak Mazumder

শ্রী দীপক কুমার মজুমদার (এ্যাডভোকেট)
আলিপুর পুলিশ কোর্ট, কলিকাতা-২৭ ।

টাইপ কারক :-

শ্রী সমীর কুমার দাস ।
আলিপুর পুলিশ কোর্ট ।

ইসাদী :-

0— 20.00

224

No. 160

8894

164

189

21.6.95